দর্শনায় জাতীয় সংসদ নিবার্চন ও আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা

আগামী জাতীয় সংসদ নিবার্চন ও আইনশৃঙ্খলা বিষয় এবং দর্শনা থানার নবাগত অফিসার্স ইনর্চাজ মেহেদী হাসানের সাথে দর্শনা প্রেসক্লাবের সাংবাদিকদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার সন্ধ্যায় দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুলের সভাপতিত্বে নবাগত অফিসার্স ইনর্চাজ মেহেদী হাসান শুভেচ্ছা জানানো হয়। এসময় দর্শনা প্রেসক্লাবের সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন, প্রেসক্লাবের সাবেক সভাপতি সিনিয়ার সাংবাদিক মনিরুজ্জামান ধীরু ও জাহিদুল ইসলাম, সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবীব মামুন, সহ-সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সহ-সভাপতি কামরুজ্জামান যুদ্ধ দর্শনার আইন শৃঙ্খলা, চুরি, ডাকাতি যাতে না হয়, সে বিষয়ে নবাগত ওসিকে সজাগ থেকে কাজ করার জন্য আহবান জানান। এবং আগামী জাতীয় সংসদ নিবার্চন সুস্থ্য ও নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হয় সে বিষয়ে দক্ষতার সাথে কাজ করার জন্য বেশ কিছু পরার্মশ প্রদান করেন।

এসময় নবাগত অফিসার্স ইনর্চাজ মেহেদী হাসান উপস্থিত সাংবাদিকদের সহযোগিতা প্রদান করার জন্য বলেন। মতবিনিময় সভায় সাংবাদিকদের মধ্যে উপস্থিত ছিলেন, ওয়াসীম রয়েল, সাব্বির আলিম, ইমতিয়াজ রয়েল, শ্রী কমল বাঁধন, রিফাত রহমান, আব্দুল হান্নানসহ সাংবাদিকবৃন্দ। মতবিনিময় সভা পরিচালনা করেন, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন।

গাংনীতে এনসিপি ও জামায়াতে

ইসলামীর মতবিনিময় সভা

মেহেরপুরের গাংনী উপজেলায় জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর মধ্যে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার সকাল ১১ টার সময় গাংনী উপজেলা জামায়াতে ইসলামীর কার্যালয়ে এই সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন, গাংনী উপজেলা জামায়াতে ইসলামীর আমীর মোঃ রবিউল ইসলাম।

সভায় উপস্থি ছিলেন, জামায়াতে ইসলামীর মেহেরপুর-২ (গাংনী) আসনের জামায়াত মনোনীত সংসদ সদস্য প্রার্থী মোঃ নাজমুল হুদা, উপজেলা জামায়াতের সেক্রেটারি মাওলানা জাহাঙ্গীর আলম, গাংনী পৌর জামায়াতের আমীর মোঃ আহসানুল হক এবং সাবেক পৌর কমিশনার আলমগীর হোসেন।

অন্যদিকে জাতীয় নাগরিক পার্টি-এর পক্ষ থেকে উপস্থিত ছিলেন, যুব শক্তির কেন্দ্রীয় সংগঠক মোঃ মোজাহিদুল ইসলাম, গাংনী উপজেলা প্রধান সমন্বয়ক আব্দুল্লাহ আল মাহমুদ, উপজেলা যুগ্ম সমন্বয়ক সবুজ রানা, জেলা সদস্য আমীর হামজাসহ অন্যান্য নেতৃবৃন্দ।

সভায় দেশের চলমান রাজনৈতিক পরিস্থিতি, গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠা, জনগণের প্রত্যাশা ও ভবিষ্যৎ রাজনৈতিক কর্মপন্থা নিয়ে খোলামেলা আলোচনা হয়। নেতৃবৃন্দ পারস্পরিক সৌহার্দ্য ও সহযোগিতার মাধ্যমে জনগণের স্বার্থে ঐক্যবদ্ধভাবে কাজ করার ওপর গুরুত্বারোপ করেন।

সভা শেষে উভয় পক্ষই গণতন্ত্র, সুশাসন ও জনকল্যাণমূলক রাজনীতির জন্য পারস্পরিক যোগাযোগ ও মতবিনিময় অব্যাহত রাখার প্রত্যয় ব্যক্ত করেন।

আলমডাঙ্গায় বিএনপির মতবিনিময় সভা

আলমডাঙ্গা উপজেলা পৌর বিএনপি’র উদ্যোগে কর্মীদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি আখতার হোসেন জোয়ার্দার এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-১ আসনের বিএনপি’র মনোনীত প্রার্থী ও জেলা বিএনপির সাধারণ সম্পাদক মো:শরীফুজ্জামান শরীফ।

প্রধান বক্তা আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সাবেক সভাপতি শহিদুল কাউনাইয়িন টিলু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক সফিকুল ইসলাম পিটু। এছাড়া আরো উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা পৌর বিএনপি’র সভাপতি আজিজুর রহমান পিন্টু, আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক আমিনুল হক রোকন, আলমডাঙ্গা পৌর বিএনপির সাধারণ সম্পাদক জিল্লুর রহমান ওল্টু, আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক আসিরুল ইসলাম সেলিম, আলমডাঙ্গা পৌর বিএনপি’র সাবেক সভাপতি আনিসুর রহমান আনিস।

আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক আনোয়ার হোসেন এর সঞ্চালনায় আরো বক্তব্য রাখেন, জেলা আইনজীবী ফোরাম এর আহ্বায়ক অ্যাড. আ স ম আব্দুর রউফ, জেলা কৃষক দলের সদস্য সচিব ও বাড়াদী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তোবারক হোসেন, জেলা জাসাস এর সাধারণ সম্পাদক সেলিমুল হাবিব সেলিম, জেলা ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক ফিরোজ সরোয়ার রোমান, আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক গোলাম হোসেন, আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র যুগ্ম সম্পাদক হাজী মকবুল হোসেন, আলমডাঙ্গা পৌর বিএনপি’র যুগ্ম সম্পাদক মাহাবুল মাস্টার, সাংগঠনিক সম্পাদক খন্দকার কাজী সাচ্চু, আলমডাঙ্গা উপজেলা কৃষক দলের সাবেক আহ্বায়ক বোরহান উদ্দিন, আইলহাস ইউনিয়ন বিএনপি’র সভাপতি ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিনহাজ উদ্দিন বিশ্বাস, কুমারী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মহাবুব হোসেন, বাড়াদী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মাসুদউর রহমান মাসুদ, বেলগাছি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান চান্দ আলী, আইলহাস ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি আব্দুল ওয়াহাব মাস্টার, হাড়দী ইউনিয়ন বিএনপির মইনদ্দিন মিয়া, কুমারী ইউনিয়ন বিল্লাল হোসেন, গাংনী ইউনিয়ন বিএনপির মামুনুর

মামুন,কালিদাপুর ইউনিয়ন বিএনপির সভাপতি আইনাল হোসেন, সাধারন সম্পাদক আলমগীর হোসেন লালন, ডাউকি ইউনিয়ন বিএনপি’র সভাপতি আব্দর হোসেন, সাধারন সম্পাদক সালাম সিরাজী, বেলগাছি ইউনিয়ন বিএনপি’র সভাপতি আমজাদ হোসেন, সিনিয়র সহ-সভাপতি ঝন্টু মালিতা, সাধারণ সম্পাদক কামাল হোসেন, খাসকররা ইউনিয়ন বিএনপি’র সভাপতি আব্দুর রশিদ, সাধারন সম্পাদক আব্দুর রাজ্জাক রাজা, নাগদাহ ইউনিয়ন বিএনপির সভাপতি বোরহান উদ্দিন, সাধারন সম্পাদক শাহীন আলম, আইলহাস ইউনিয়ন বিএনপির সাধারন সম্পাদক হারুন অর রশিদ, জেহেলা ইউনিয়ন বিএনপির সভাপতি শাহেদুজ্জাহ মিল্টন, সাধারন সম্পাদক আলাউদ্দিন খান আলা, বাড়াদী ইউনিয়ন বিএনপির সভাপতি বকুল হোসেন, সাধারন সম্পাদক শুকুর আলী, গাংনী ইউনিয়ন বিএনপি’র সভাপতি রেজাউর রহমান রেজু, সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম আইনাল, ভাংবাড়িয়া ইউনিয়ন বিএনপির সভাপতি টিপু সুলতান, সাধারন সম্পাদক আতাউল হুদা, বাড়াদী ইউনিয়ন বিএনপির ভারপ্তাত সভাপতি মনির হোসেন, সাধারন সম্পাদক শফিউল ইসলাম, জামজামি ইউনিয়ন বিএনপির সভাপতি শাহ আলম, সাধারন সম্পাদক পলাশ আহমেদ,খাদিমপুর ইউনিয়ন বিএনপির সভাপতি শেরেগুল ইসলাম বিশ্বাস, সাধারণ সম্পাদক লালন ইসলাম, চিতলা ইউনিয়ন বিএনপির সভাপতি রাজিব ফেরদৌস হাসান পাপেন, সাধারণ সম্পাদক মহাসিন আলী বিশ্বাস, সভাপতি জেলা যুবদলের নেতা মাগরিবুর রহমান মাগরীব, আইলহাস ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি তোজ্জামেল হক মাস্টার, জামজামি ইউনিয়ন লিয়াকত আলী, কুমারী ইউনিয়ন বিল্লাল হোসেন, হাড়দী ইউনিয়ন নাসির উদ্দিন, ভাংবাড়িয়া ইউনিয়ন সন্টু মিয়া, বেলগাছি ইউনিয়ন আব্দুল মজিদ, সাবেক ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান চান্দ আলী, ডাউকী ইউনিয়ন আব্দুল হান্নান, গাংনী ইউনিয়ন মামুনুর রশীদ মামুন, কালিদাসপুর ইউনিয়ন ময়নয়উদ্দিন, আব্দুর রহিত, খাসকররা নওশদ মাস্টার, চিতলা ইউনিয়ন আব্দুল হালিম,নাগদাহ ইউনিয়ন আব্দুর রশিদ হ্যাবা, যুবদল নেতা সুন্নত আলী, বাড়াদী ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি আব্দুল লতিফ।

আরও উপস্থিত ছিলেন, জেলা যুবদলের সহ-সাধারন সম্পাদক হাফিজ উদ্দিন হাবলু, শফিকুল হক সালাম, আলমডাঙ্গা উপজেলা যুবদলের ভারপ্রাপ্ত আহ্বায়ক মীর উজ্জ্ল, সদস্য সচিব রফিকুল ইসলাম পৌর যুবদলের আহবায়ক নাজিম উদ্দীন মোল্লা, যুগ্ম আহবায়ক আব্দুল কাদের, জেলা ছাত্রদলের সহ-সভাপতি খন্দকার আরিফ, জেলা ছাত্রদলের সহ-সভাপতি কৌশিক কাউনাইন রুবেল, আলমডাঙ্গা উপজেলা সেচ্ছাসেবক দলের আহ্বায়ক মোঃ এমদাদ হোসন, সদস্য সচিব রাজু, আলমডাঙ্গা উপজেলা ছাত্রদলের সদস্য সচিব রাসেল আহমেদ, আলমডাঙ্গা পৌর ছাত্রদলের আহ্বায়ক আতিক

হাসান রিংকু, সদস্য সচিব তন্ময় আহমেদ, আলমডাঙ্গা পৌর সেচ্ছাসেবক দলের সদস্য সচিব জাকারিয়া হোসেন শান্ত প্রমুখ।

দামুড়হুদায় নবাগত ইউএনও’র সাথে সাংবাদিকদের মতবিনিময় সভা

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার হিসেবে নবাগত সদ্য দায়িত্বপ্রাপ্ত, তরুণ ও উদ্যমী প্রশাসনিক কর্মকর্তা ওবায়দুর রহমান সাহেল কে স্বাগত জানিয়ে উপজেলা প্রশাসনের আয়োজনে স্থানীয় সাংবাদিকদের সাথে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বেলা সাড়ে ৪টায় উপজেলা পরিষদের সভা কক্ষে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। প্রথমবারের মতো ইউএনও হিসেবে দায়িত্ব পেলেও তিনি এর আগে সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পর্যায়ে সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেছেন।

সভায় উপজেলার সর্বত্র বিরাজমান নানা সমস্যা, সম্ভাবনা ও উন্নয়নচিত্র তুলে ধরেন সাংবাদিকরা। বিশেষ করে মাদক ও চোরাচালান নিয়ন্ত্রণ, গণতান্ত্রিক ও শান্তিপূর্ণ নির্বাচন প্রক্রিয়া নিশ্চিতকরণ, দামুড়হুদা বাস স্ট্যান্ড এলাকায় দীর্ঘদিনের যানজট সমস্যা, প্রধান সড়কের পাশে যত্রতত্র আবর্জনার স্তুপ (বিশেষত ডুগডুগি হাসপাতালের সামনে ও দর্শনা রেলগেট এলাকায়), কার্পাসডাঙ্গায় সহ উপজেলায় কমপক্ষে ২-৩ টি উপযুক্ত স্থানে ধানের হাট স্থাপন এবং উন্নয়নমূলক কাজের তথ্য সাধারণ মানুষের কাছে পৌঁছানো, এসব বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সাংবাদিকরা বলেন, বিভিন্ন দপ্তরের উন্নয়ন কর্মকাণ্ডের তথ্য সাধারণ মানুষ জানতে না পারায় অনেক ইতিবাচক কাজ আড়ালেই রয়ে যায়। এ ক্ষেত্রে উপজেলা প্রশাসনের নিয়মিত তথ্য সহযোগিতা প্রয়োজন বলে মত দেন তারা।

সভায় ইউএনও উবায়দুর রহমান সাহেল বলেন, আমার দায়িত্বের প্রথম দিন থেকেই আমি চাই আপনাদের সাথে নিয়ে কাজ করতে। পরিবারে মূল্যবোধ না

থাকলে সমাজের শৃঙ্খলা আসবেনা, এই মূল্যবোধকে ধরে রেখে কাজ করতে হবে। স্বাস্থ্য, শিক্ষা, কৃষি, সার, প্রাণী সম্পদ, সমাজসেবা, এসব বিষয়ে আপনাদের মাধ্যমে যেসব গুরুত্বপূর্ণ বিষয় উঠে এসেছে সেগুলো নিয়ে আমি কাজ করব।

তিনি আরও বলেন, আপনারা সাংবাদিকরা সমাজের দর্পণ, আপনাদের মাধ্যমে আমি এই উপজেলার প্রকৃত চিত্র জানতে পারলাম। সমস্যার পাশাপাশি এখানে অসীম সম্ভাবনা রয়েছে, সেই সম্ভাবনাগুলোকে বাস্তবে রূপ দিতে কাজ করবো। সরকারের নির্দেশনার ভেতরে থেকে যতটুকু করা সম্ভব আমি আন্তরিকভাবে করব। আমি কাজ করলে আপনারা আমাকে মনে রাখবেন। আগামী ১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের প্রস্তুতি নিয়েও আলোচনা হয়।

নির্বাচনকে সামনে রেখে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে সবার সহযোগিতা কামনা করে ইউএনও আরও বলেন আমার বদলি মূলত নির্বাচনের প্রস্তুতির অংশ হিসেবে। নির্বাচনের আগে ও পরে যেন সুষ্ঠু পরিবেশ থাকে, এটা নিশ্চিত করতে চাই।

দামুড়হুদা উপজেলার সাংবাদিকদের সাথে মতবিনিময় সভায় নবাগত ইউএনও উবায়দুর রহমান সাহেল এর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, সহসভাপতি মিরাজুল ইসলাম মিরাজ, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, নির্বাহী সদস্য তাছির আহাম্মেদ, হাবিবুর রহমান হবি, আরিফুল ইসলাম মিলন। এ সময় আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাব সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক শাহজালাল বাবু, সহসভাপতি মোজাম্মেল শিশির। প্রেসক্লাব সদস্য শেখ হাতেম, জহিরুল ইসলাম, হেলাল উদ্দিন।

আরো উপস্থিত ছিলেন দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুল, সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন, সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন, প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবীব মামুন, সাংবাদিক কামরুজ্জামান যুদ্ধ প্রমূখ।

সার সংকট দূর করতে তৈরি হবে কৃষক অ্যাপ

প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (ঐকমত্য) ও সাংবাদিক মনির হায়দার বলেন, সারের সঙ্কট দূর করতে দ্রুত কৃষক অ্যাপ তৈরি করার কাজ চলছে। সবাইকে এই অ্যাপের আওতায় আসতে হবে। অ্যাপের তালিকা অনুযায়ী কৃষকদের মাঝে সার বিক্রি করা হবে। যারা এই অ্যাপের আওতায় আসবেন তারাই এই সুবিধা পাবেন। আর না আসলে বঞ্চিত হবেন। যে কোন একটি উপজেলায় পাইলট আকারে অ্যাপটি চালু করা হবে। সুবিধা পেলে সারা দেশে এটি ছড়িয়ে দেওয়া হবে। তাহলের সার সঙ্কট দূর হবে বলে মনে করেন তিনি।

উন্নত দেশে প্রত্যেকটা মানুষের কৃষক, কুলি, মজুর সবারই ট্যাক্স আইডি থাকে। তিনি ট্যাক্স দেন বা না দেন, প্রত্যেক বছর তাকে ট্যাক্স ফাইল করতে হয়, প্রত্যেক নাগরিককেই। মানুষরাও খুব উৎসাহের সাথে এটা দেয়। কেন দেয় জানেন? রাষ্ট্র তাদের বিভিন্ন ক্রাইসিসের সময় বিভিন্ন রকম সহায়তা দেয়।

আর সহায়তা দেয় এই ভিত্তিতে কার কার ট্যাক্স আইডি আছে আর কত বছর ধরে কে কে ট্যাক্স সাবমিট করেছে। যারা ট্যাক্স সাবমিট করেছে তারা সুবিধা পাবে, যারা করেনি তারা পাবে না। এখন আমরা যদি এই প্র্যাকটিসটা করতে পারি, তোমার যদি অ্যাপ থাকে অ্যাপে যদি তোমার সব ইনফরমেশন দেওয়া থাকে, তাহলে যখন তোমার ক্রাইসিস হবে, তুমি সুবিধাটা পেতে পারো। আর তুমি যদি তোমার ইনফরমেশনগুলো না দাও আগামী বছর ক্রাইসিস হলে এগুলো কিন্তু তুমি আর পাবে না।

তখন তার মধ্যে এই তাগিদটা তৈরি হবে আমার যা যা ইনফরমেশন আছে তা অ্যাপে দিয়ে রাখি, কারণ কখন ক্রাইসিস হয় আমি তো জানি না। ক্রাইসিস হলে যাতে আমি সহায়তা পাই। এই চিন্তাগুলোকে মাথায় রেখে এই বিষয়টি নির্মাণ করা হচ্ছে।

গতকাল শুক্রবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে সারের বিপণন ও ব্যাবহার বিষয়ক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এক কথাগুলো বলেন।

তিনি আরোও বলেন, উন্নত বিশ্বে প্রতিটি নাগরিককে একটি অ্যাপের আওতায় আসতে হয়। তালিকাভূক্ত হয়ে সরকারি সুবিধাগুলো ভোগ করেন।

তাই আশা করি প্রতিটি কৃষক এই অ্যাপের আওতায় আসবেন। আধুনিক এসব প্রযুক্তি ব্যাবহার করেই সকল নাগরিককে এই সুবিধা নিতে পারবেন।

সার সংকটের বিষয় তিনি বলেন, ওই যে একটা ঐতিহাসিক প্রবাদ- হাঁস যখন সোনার ডিম পাড়ে, তখন কৃষক হাঁস জবাই করে পেট কেটে একবারে সব ডিম বের করে নিতে চাইলে দেখে আসলে কোনো ডিম নেই। আমরা তো প্রত্যেকেই কৃষকের সন্তান। আমরা বেশি সার ব্যবহার করলে আজকের জন্য হয়তো বেশি ফসল পাব, কিন্তু লং টার্মে গিয়ে ওই জমির উর্বরতা একদমই নষ্ট হয়ে যাবে।

আপনি আজকে অনেক সার ব্যবহার করে অনেক ফসল উৎপাদন করে অনেক টাকা পকেটে ঢুকাচ্ছেন। আপনি হয়তো ভাবছেন আপনার পরে ভবিষ্যতে আর চাষাবাদ হবে না, অন্য কিছু করবে। কিন্তু আল্টিমেটলি এই জমিগুলো যদি উর্বরতা হারায় আমরা তো শুধু বাণিজ্যিক ভিত্তিতে চাষ করি না, নিজেদের খাবার-দাবারের জন্যও চাষাবাদ করি। তখন একটা ক্রাইসিস হবে।

আমাদের দেশের লেভেলে গবেষণা এবং বাস্তবের মধ্যে পার্থক্য থাকতে পারে। তারপরেও আমি মনে করি কৃষি ডিপার্টমেন্ট চাইলে গবেষক এবং কৃষকদের কানেক্ট করতে পারেন কি না এই যে পর্যবেক্ষণের বিরাট পার্থক্য, এটাকে কোনোভাবে অ্যাড্রেস করা যায় কি না।

অনুষ্ঠানে সভাপত্বি করেন, জেলা প্রশাসক ডঃ সৈয়দ এনামুল কবীর। বক্তব্য রাখেন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক সঞ্জীব মৃধা, সার ডিলার অ্যাসোসিয়েশনের সভাপতি হাফিজুর রহমান, কৃষক প্রতিনিধি ডাবলু, শাহিনুর রহমান। জেলার কৃষক, সার ব্যবসায়ী ও কৃষি কর্মকর্তারা মতবিনিময় সভায় অংশ নেয়।

দর্শনায় হরিজন সম্প্রদায়ের সাথে বিএনপির নির্বাচনী

মতবিনিময় সভা

দর্শনার আমতলা এলাকায় হরিজন সম্প্রদায়ের সঙ্গে বিএনপির নির্বাচনী মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার সন্ধ্যা ৬টার দিকে এ সভা অনুষ্ঠিত হয়।

দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক মাহবুবুল ইসলাম খোকনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন দর্শনা পৌর বিএনপির অন্যতম সমন্বয়ক মশিউর রহমান।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আপনারা ধানের শীষ প্রতীকে ভোট দিলে হরিজন সম্প্রদায়ের জন্য আরও ভালো ব্যবস্থা ও সুযোগ সৃষ্টি করা হবে। বাংলাদেশ একটি সম্প্রীতির দেশ এ দেশে হিন্দু- মুসলমানসহ সব জাতি-ধর্মের মানুষ মিলেমিশে বসবাস করে আসছে। অতীতেও বাংলাদেশ জাতীয়তাবাদী দল হরিজন সম্প্রদায়ের পাশে ছিল, ভবিষ্যতেও আমরা আপনাদের জন্য কাজ করে যাব।

সভায় আরও উপস্থিত ছিলেন দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক রেজাউল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা হাফিজুল মোল্লা, বিএনপি নেতা হাবিবুল্লা বিশ্বাস, সাবেক সেনা সদস্য আব্দুল হামিদ, দর্শনা পৌর যুবদলের সদস্য সচিব জালাল উদ্দীন, ছাত্রনেতা মোফা আরিফসহ বিএনপির বিভিন্ন অঙ্গসংগঠনের নেতাকর্মী।

হরিজন সম্প্রদায়ের পক্ষ থেকে রংনাল, ভুইফোড়সহ অনেকে উপস্থিত ছিলেন।

দর্শনায় পৌর জামায়াতের উদ্যোগে যুবকদের নিয়ে মতবিনিময় সভা

দর্শনা পৌর শাখা জামায়াতের উদ্যোগে যুবকদের নিয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বেলা দুইটার দিকে এ সভা

অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জামায়াতের আমির ও চুয়াডাঙ্গা-২ আসনের এমপি প্রার্থী মোঃ রুহুল আমিন। তিনি বলেন, যুবকরাই দেশের ভবিষ্যৎ নেতৃত্ব। দেশের উন্নয়ন ও সমৃদ্ধির জন্য যুব সমাজকে এগিয়ে আসতে হবে। যুবকদের কার্যক্রমের গতি বৃদ্ধি পেলে সমাজ থেকে দুর্নীতি ও অপরাধ কমে যাবে। সুন্দর ও সমৃদ্ধ বাংলাদেশ গঠনে যুব সমাজ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

তিনি সবাইকে দেশ গঠনে ইতিবাচক ভূমিকা রাখার আহ্বান জানান।

এ সময় আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের জেলা সভাপতি সাগর আহমেদ, দর্শনা থানা শাখার সহকারী সেক্রেটারি জাহিদুল ইসলাম, দর্শনা পৌর শাখার আমির সাইফুল আলম অপু এবং পৌর যুব বিভাগের সভাপতি তানজিল।

মতবিনিময় সভাটি যুবকদের মধ্যে উৎসাহ ও অনুপ্রেরণা সৃষ্টি করে সফলভাবে সম্পন্ন হয়।

উন্নয়ন ও প্রশাসনিক কর্মকাণ্ডে গণমাধ্যমের ভুমিকা গুরত্বপূর্ণ

মেহেরপুরের নবাগত জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির জেলার সাংবাদিকদের সাথে এক মতবিনিময় সভায় বলেন, উন্নয়ন ও প্রশাসনিক কর্মকাণ্ডে গণমাধ্যম একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

যতদিন এই জেলার জনগণ মনে করবে এই জেলা প্রশাসক জেলার মানুষের উন্নয়নের জন্য, তাদের জীবনযাত্রার মান, তাদের নিরাপত্তা ও একটি সুন্দর জীবন উপহার দেওয়ার কাজ করবে ততদিন পর্যন্ত আমরা কাজ করবো। জেলার মানুষ যদি মনে করে আমরা সেটি করতে ব্যর্থ হচ্ছি, সেক্ষেত্রে অবশ্যই সরকার ব্যবস্থা নেবে।

সকল কাজের নিয়ম-কানুন অবশ্যই অবলম্বন করতে হবে এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা এনসিওর করতে হবে।

জেলা প্রশাসক বলেন, মেহেরপুরের সবচেয়ে বড় সমস্যা যেগুলি, শিক্ষার ক্ষেত্রে অনেক পিছিয়ে। ডেফিনেটলি এটা খুবই আশঙ্কার বিষয়। আমরা এই বিষয়ে স্পেশালি কাজ শুরু করব ইনশাল্লাহ। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের যে ভিজিট আমরা করি সেটা বাড়িয়ে দেব এবং শিক্ষা প্রশাসনের সঙ্গে যারা জড়িত রয়েছেন তাদের সঙ্গে আমরা বসে স্পেশাল কোন উদ্যোগ নেওয়া যায় কিনা সেটা আমরা দেখব। তবে এক্ষেত্রে আপনারা সমস্যা দেখিয়েছেন, সেই সঙ্গে সমাধানের যে সঠিক পথ, সেটা বের করতে আমরা আপনাদের হেল্প চাইবো।

আমি অনুসন্ধানী সাংবাদিকতাকে উৎসাহিত একটি দিক মনে করি। এখানে অনেকেই অনুসন্ধানী সাংবাদিকতার সঙ্গে রয়েছেন। আপনারা এটা চালিয়ে যাবেন। আমার যদি কোন কাজে আপনারা মনে করেন ভুল-ভ্রান্তি হচ্ছে, আপনারা নিউজ ছাপিয়ে দেবেন।

গতকাল বৃহস্পতিবার বিকেলে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে সভাপতির বক্তব্যে এসকল কথা বলেন তিনি।

তিনি আরও বলেন, ২৪ এর যে গণঅভ্যুত্থান, তার অন্যতম কারণ সাংবাদিকদের মধ্যে বৈষম্য সৃষ্টি। সাংবাদিকতা খোশামতির পেশা না এখানে ভালো-মন্দ দুইটাই আসবে। ভালো যদি করে থাকি ছাপাবেন, আর খারাপ যদি করে থাকি অবশ্যই ছাপাবেন। ভালোটা না ছাপালেও অসুবিধা নেই। জুলাই গণঅভ্যুত্থানের স্পিরিটটা ধারণ করেই আমাদের কাজগুলো মার্চিহ্ন করব।

সারের ক্রাইসিসটা এটা ম্যানমেড কোনো ক্রিয়েশন কিনা সেটাও দেখার বিষয়। আমাদের সারের সরবরাহ আছে, কিন্তু আমাদের কৃষি উপদেষ্টা যেটা বলেছেন কিছু মানুষের যোগসাজশ থাকতে পারে। আমরা এগুলো ইনভেস্টিগেশন করব, এই বিষয়টা যাতে সমাধান করা যায় সেটা আমরা চেষ্টা করব।

জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুনের সঞ্চালনায় মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক পার্থ প্রতিম শীল ও সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ খায়রুল ইসলাম।

এসময় বক্তব্য রাখেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোযাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, তুহিন আরন্য, মেহেরপুর

প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, আমাদের সূযোদয়ের ভারপ্রাপ্ত সম্পাদক মাহবুবুল হক পোলেন, সংবাদ প্রতিনিধি রফিকুল আলম, ইত্তেফাক প্রতিনিধি আমিরুল ইসলাম অল্ডাম, চ্যানেল ২৪ এর জেলা প্রতিনিধি রাশেদুজ্জামান, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন, দেশ টিভির জেলা প্রতিনিধি আক্তারুজ্জামান ও এখন টিভির জেলা প্রতিনিধি মোজাহিদ মুন্না, সাংবাদিক মেহের আমজাদ, শামিম হোসেন, মনিরুল ইসলাম প্রমুখ।

মতবিনিময় সভায় গণমাধ্যম কর্মীরা অবাধ তথ্য প্রবাহ সৃষ্টি, জেলার অনলাইন জুয়া, শিক্ষা, স্বাস্থ্য, কৃষি ও সড়কে বিশৃংখলাসহ নানা সমস্যার চিত্র তুলে ধরেন।

দর্শনায় তুলা চাষী প্রশিক্ষণ ও মতবিনিময় সভা অনুষ্ঠিত

দর্শনায় তুলা চাষী প্রশিক্ষণ ২০২৫-২৬ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার বিকাল সাড়ে ৪ টার পুরাতন বাজারে তুলা চাষীদের নিয়ে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় তুলা উন্নয়ন বোর্ড (চুয়াডাঙ্গা জোন) এর কটন ইউনিট অফিসের প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা কৃষিবিদ সেন দেবাশীষ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, বাংলাদেশ তুলা উন্নয়ন বোর্ডের উপ-পরিচালক মোঃ কুতুব উদ্দীন। এসময় তিনি চাষীদের বলেন, আমাদের দেশে যে পরিমাণ তুলা উৎপাদন হয় তা এদেশের চাহিদা মেটাতে পারে না। এজন্য বাইরের দেশ থেকে তুলা আমদানি করতে হয়। ফলে আমাদের দেশের টাকা বাইরের দেশে চলে যাচ্ছে।

সরকার তুলা চাষে চাষীদের আগ্রহ বাড়াতে অন্যান্য চাষের মতো তুলা চাষেও আধুনিক চাষ পদ্ধতি ও সরকারি প্রণোদোনা দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করছেন। যাতে করে আধুনিক তুলা চাষে অধিক লাভবান হওয়া সম্ভব হবে বলে আমরা আশাবাদী।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ তুলার

গবেষণা উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের প্রকল্প পরিচালক ড. এ কে. এম হারুন অর রশিদ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন, মুজিবনগর ইউনিটের কটন ইউনিট অফিসার আমজাদ হোসেন ও দর্শনা ইউনিট অফিসার মোক্তার হোসেন। এসময় দর্শনা ইউনিটের তুলা চাষীরা উপস্থিত ছিলেন।

হরিণাকুণ্ডুতে বেসরকারি শিক্ষা ব্যবস্থায় বৈষম্য ও প্রতিকার শীর্ষক মতবিনিময় সভা

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে বেসরকারি শিক্ষা ব্যবস্থায় বৈষম্য ও প্রতিকার শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার বেলা ১১টায় হরিণাকুণ্ডুস্থ জেলা পরিষদ মিলনায়তনে উপজেলা শিক্ষক কর্মচারী ঐক্যজোটের উদ্যোগে বেসরকারি শিক্ষা ব্যবস্থায় বৈষম্য ও প্রতিকার শীর্ষক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

হরিণাকুণ্ডু উপজেলা শিক্ষক সমিতির সভাপতি এবং উপজেলা বিএনপি’র সভাপতি আবুল হাসান মাস্টারের সভাপতিত্বে ও উপজেলা শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক, মাসুদুল হক টিটোর সঞ্চালনায় মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা বিএনপির সভাপতি এ্যাডঃ এম.এ মজিদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পৌর বিএনপি’র সভাপতি জিন্নাতুল হক খাঁন, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক তাইজাল হোসেন, পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক আনিচুর রহমান, উপজেলা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি প্রভাষক আনিচুর রহমান, উপজেলা বিএনপি’র সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক হারুন অর রশিদ এবং উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক আব্দুল মোমিন।

আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, শিক্ষক সমিতির কেন্দ্রীয় কমিটির প্রেসিডিয়াম সদস্য কামরুজ্জামান লিজি, কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক ও জেলা বিএনপি’র যুগ্ম সাধারণ সম্পাদক

সহকারী অধ্যাপক কামাল উদ্দিন, জেলা শিক্ষক সমিতির আহবায়ক আশরাফুল ইসলাম প্রমূখ। মতবিনিময় সভায় উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও অন্যান্য শিক্ষকগণ উপস্থিত ছিলেন।